দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 SEP 1998 ..
পৃষ্ঠা ৪ কলাম ৫

# বা, উ, বি-এর এস,এস,সি, পরীক্ষার ফলাফলের ত্রুটি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এস.এস.সি প্রোগ্রাম নিঃসন্দেহে একটি প্রশংসনীয় পদক্ষেপ। আমরা যাহারা নিয়মিত শিক্ষালাভ করিতে পারি নাই, তাহাদের জন্য ইহা একটি আলোকবর্তিকাস্বরূপ। তাই অনেক আশায় বুক বাঁধিয়া উক্ত প্রোগ্রামের ১ম ব্যাচে ভর্তি হই-গোপালগঞ্জ জেলার কাশিয়ানী টিউটোরিয়াল কেন্দ্রে। ১ম বর্ষের পরীক্ষা সেপ্টেম্বর '৯৬ মাসে অনুষ্ঠিত হয়। যথারীতি পরীক্ষায় অংশগ্রহণ করি এবং সকল বিষয়ে অর্থাৎ ৫টি কোর্সে উত্তীর্ণ হই। পরবর্তীকালে যথা নিয়মে ২য় বর্ষে ভর্তি হই এবং জানুয়ারী '৯৮ মাসে পরীক্ষায় অংশগ্রহণ করি। আগষ্ট '৯৮ মাসের ৩ তারিখে বা,উ,বি সেই পরীক্ষার আকাঙ্ক্ষিত ফলাফল প্রকাশ করেন। যাহাতে আমার জন্য হতবাক হওয়া ছাড়া আর কিছুই করণীয় নাই। অর্থাৎ ২য় বর্ষের ৫টি বিষয়ে পাস দেখানো হইলেও আমাকে ১ম বর্ষে অনুপস্থিত দেখানো হইয়াছে। যেখানে বিধান রহিয়াছে যে, ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ না করিলে ২য় বর্ষে ভর্তির সুযোগ পাওয়া যাইবে না সেখানে আমি ১ম বর্ষের পরীক্ষা না দিয়া ২য় বর্ষে কিভাবে ভর্তি হইলাম এবং পরীক্ষায় অংশগ্রহণ করিলাম?

এ ব্যাপারে সংশ্লিষ্ট টিউটোরিয়াল কেন্দ্র হইতে আমাকে জানানো হইয়াছে যে, বিষয়টি বা,উ,বি, কর্তৃপক্ষকে জানানো হইয়াছে। সংশোধিত ফলাফল পাওয়ার পর আমাকে অবহিত করা হইবে। কিন্তু ১ মাস গত হইতে চলিল কোন খবরাদি পাইতেছি না। ইতিমধ্যে বা,উ,বি,-এর এইচ,এস,সি প্রোগ্রামে ভর্তির আবেদনের সময় শেষ হইয়াছে। এমতাবস্থায়, কি অপরাধে আমার এই ভোগান্তি তাহা আমি জানিতে পারিব কি?

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সবিনয় অনুরোধ, বিষয়টির সত্বর সুরাহা করিলে বাধিত হইব।

শাহনাজ বেগম,
কাশিয়ানী,
গোপালগঞ্জ।